হরিণাকুণ্ডুতে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার স্থানীয় ভাতুড়িয়া স্পোটিং ক্লাবের আয়োজনে অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকালে কুল্লগাছা ভাতুড়িয়া স্কুল মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়। ৪দলের এই প্রীতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় স্থানীয় কিংস ফাইটার ক্লাব ৩-১ গোলে ইয়াংস্টার ক্লাবকে পরাজিত করে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জণ করেছে।

ফাইনাল খেলার উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ফলসী ইউনিয়নের চেয়ারম্যান ফজলুর রহমান, চাঁদপুর ইউনিয়নের চেয়ারম্যান গোলাম মোস্তফা, কাপাশহাটিয়া ইউনিয়নের চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু, সিনিয়র সাংবাদিক প্রভাষক শাহানুর আলম।

আরও উপস্থিত ছিলেন, স্পোটিং ক্লাবের সভাপতি এনামুল হক, সাধারণ সম্পাদক তুষার, যুবনেতা সাইদুর রহমান বিটু প্রমূখ।

খেলায় বিজয়ীদের হাতে ট্রফিতুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

উদ্বোধনী কালে প্রধান অতিথি বলেন, খেলার মাধ্যমে যুবসমাজকে মাদক এবং সান্ত্রাসী কার্যকলাপ থেকে দুরে রাখতে পারে, ক্লাবে শুধু খেলাধোলাই নয় সকল ভালকাজের সাথে নিজেদের সম্পৃক্ত করার আহবান জানান।

ঝিনাইদহে ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড অনুমোদন দেওয়ায় ছাত্রলীগের আনন্দ র্যালী

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড’র বিধান মন্ত্রীসভায় চুড়ান্ত অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও স্বাগত জানিয়ে ঝিনাইদহে আনন্দ র্যালী করেছে ছাত্রলীগ।

গতকাল মঙ্গলবার বিকেলে ঝিনাইদহ জেলা ছাত্রলীগের আয়োজনে সরকারি কেসি কলেজ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সাধারণ সম্পাদক আব্দুল আওয়ালসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা, ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড’র বিধান মন্ত্রীসভায় সংশোধিত ‘নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০’ এর খসড়া চুড়ান্ত অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ ও উক্ত সিদ্ধান্তকে স্বাগত জানান।

কালীগঞ্জে ফসলের সঙ্গে শত্রুতা থামছেই না, এবার পুইশাক ক্ষেত সাবাড়!

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার গয়েশপুর গ্রামের দরিদ্র কৃষক বাপ্পি হোসেনের ১৪ কাঠা জমির পুইশাক গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা।

সোমবার দিবাগত রাতে এ ঘটনা ঘটে। যার আনুমানিক বিক্রিত মূল্য

প্রায় দুই লক্ষ টাকা। এর আগে গত ৫ সেপ্টেম্বর রাতে একই কৃষকের ৬ কাঠা জমির বেগুন গাছ কেটে দিয়েছিল।

ভুক্তভোগী কৃষক বাপ্পি হোসেন জানান, তিনি একজন বর্গাচাষী। এর আগে গতমাসে আমার ৬ কাঠা জমির বেগুন গাছ কেটে দিয়েছিল। মঙ্গলবার সকালে ক্ষেতে গিয়ে দেখি ১৪ কাঠা জমির পুইশাক গাছ কেটে দিয়েছে। এতে আমার প্রায় ২ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। গ্রামে আমার কারো সাথে বিরোধ নেই। আমার এমন ক্ষতি করে কি লাভ হলো।

কালীগঞ্জ উপজেলা কৃষকলীগের সভাপতি আবুল কালাম আজাদ বলেন, মঙ্গলবার সকালে খবর পেয়ে ক্ষতিগ্রস্থ কৃষক বাপ্পির ক্ষেতে যায়। এর আগেও তার ৬ কাঠা জমির ক্ষেত নষ্ট করা হয়েছিল। কালীগঞ্জ উপজেলায় সম্প্রতি বৃদ্ধি পেয়েছে ফসলী ক্ষেত বিনষ্টের ঘটনা। দূবৃর্ত্তরা রাতের আধারে একের পর এক নৃশংস ভাবে ধরন্ত -ফলন্ত ক্ষেত নষ্ট করছে। কৃষকেরা ধারদেনার মাধ্যমে ফসল চাষ করার পর ভরা ক্ষেত নষ্ট হওয়ায় তারা একেবারে পথে বসছে। রাতের আধারে কে বা কারা লোক চক্ষুর আড়ালে এমন জঘন্যতম কাজটি করছে।

কালীগঞ্জ থানার ওসি মাহাফুজুর রহমান মিয়া জানান, খবর পেয়ে আমরা গয়েশপুর গ্রামের ক্ষতিগ্রস্থ কৃষকের ক্ষেত পরিদর্শন করেছি। এ ব্যাপারে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

এদিকে, গত শুক্রবার দিবাগত রাতে একই গ্রামে বিশারত মন্ডলের ফুলকপির বীজতলার চারা কেটে সাবাড় করেছে দুর্বৃত্তরা। এছাড়াও গত কয়েকমাসে প্রায় ২০ জন কৃষকের ফসলী গাছ কেটে সাবাড় করা হয়েছে। এ নিয়ে আইনশৃঙ্খলা কমিটির সভায় উদ্বেগ প্রকাশ করা হয়েছে। কিন্তু দিনের পর দিন ফসলের সঙ্গে শত্রুতার ঘটনা বৃদ্ধি পাওয়ায় চরম দুশ্চিন্তায় কৃষকরা।

প্রতিপক্ষের হামলায় দু’জনের

মৃত্যু আহত ১২

ঝিনাইদহের শৈলকুপায় আধিপত্য বিস্তার নিয়ে দু-দল গ্রামবাসীর মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় সুফিয়া খাতুন (৬০) নামের এক বৃদ্ধা নিহত হয়েছে। ঘটনাটি গতকাল সোমবার সকালে উপজেলার ৬নং সারুটিয়া ইউনিয়নরে ভাটবাড়িয়া গ্রামে। নিহত বৃদ্ধা ভাটবাড়িয়া গ্রামের জালাল উদ্দিনের স্ত্রী। এ সময় আরো ৫ জন আহত হয় বলে জানা যায়। ঘটনা সাথে জড়িত সন্দেহে পুলিশ ৩ ব্যক্তিকে আটক করেছে। সংঘর্ষকারীরা স্থানীয় আওয়ামী লীগের কর্মী সমর্থক বলে জানান গ্রামবাসীরা।

স্থানীয়রা জানান, ৬◌ং সারুটিয়া ইউনিয়নে দীর্ঘদিন যাবত বর্তমান ইউপি চেয়ারম্যান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক মাহমুদুল হাসান মামুন ও উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জুলফিকার কায়সার টিপুর মধ্যে বিরোধ চলে আসছে।

এ বিরোধের জের ধরে গ্রামে টিপু সমর্থক আজিবর মেম্বর ও মামুন সমর্থক আফজাল বিশ্বাসের মধ্যে উত্তেজনা বিরাজ করছিল। এ উত্তেজনাকে কেন্দ্র করে মামুন গ্রুপের সমর্থকরা গতকাল সোমবার ভোরে দেশীয় অস্ত্র নিয়ে প্রতিপক্ষের বাড়ীতে হামলা চালায়। এ সময় প্রতিপক্ষের হামলায় জালাল উদ্দিনের স্ত্রী সুফিয়া খাতুন ঘটনাস্থলেই নিহত হন। আহত হন আরো ৫ ব্যক্তি।

ঝিনাইদহ জেলার অতিরিক্ত পুলিশ সুপার বলেন, ৬নং সারুটিয়া ইউনিয়নের ভাটবাড়িয়া গ্রামে প্রতিপক্ষের হামলায় সুফিয়া খাতুন নামের এক বৃদ্ধা নিহত হয়েছে। এ ঘটনায় ৩ ব্যক্তিকে পুলিশ আটক করেছে বলে তিনি জানান। এছাড়াও হত্যা পরবর্তী আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

অপর দিকে, গত বৃহস্পতিবার সকালে প্রতিপক্ষের হামলার শিকার সারুটিয়া ইউনিয়নের বৃত্তিপাড়া গ্রামে হামলার শিকার হয়ে মকলেছুর রহমান ওরফে পাইলট (৫০) নামে আরো এক ব্যক্তি নিহত হয়েছেন। নিহত ব্যক্তি বৃত্তিপাড়া গ্রামের মৃত আনসার খন্দকারের ছেলে। গতকাল সোমবার দুপুরে চিকিৎসাধীন অবস্থায় রাজশাহী মেডিকেল হাসপাতালে মৃত্যুবরণ করেন।

জানা যায়, গত বৃহস্পতিবার সকালে সারুটিয়া ইউনিয়নের চেয়ারম্যান প্রার্থী জুলফিকার কাইসার টিপুর কর্মী সমর্থকরা বর্তমান চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুনের কর্মীদের বাড়ীতে হামলা চালায়।

হামলায় ১৫টি বাড়িঘর ভাংচুর ও ৭ জন আহত হয়। আহতদের শৈলকুপা হাসপাতালে ভর্তি করা হয়। এদের মধ্যে গুরুত্বর আহত মকলেছুর রহমান ওরফে পাইলটকে রাজশাহী মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়। চিকিৎসাধীন অবস্থায় সোমবার দুপুরে তিনি মৃত্যু বরণ করেন।

সারুটিয়া ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুন জানায়, প্রতিপক্ষ জুলাফিকার কাইসার টিপুর নেতৃত্বে তার লোকজন গত বৃহস্পতিবার সকালে ব্রক্ষ্মপুর, পুরাতন বাখরবা ও বৃত্তিপাড়া গ্রামে হামলা চালায়। হামলায় প্রতিপক্ষরা তার সমর্থকদের ১৫টি বাড়ি ও দোকান এবং মোটসাইকেল ভাংচুর করে। এছাড়াও হামলাকারীরা লুটতরাজ চালায়। হামলাকারীরা মহিলাসহ ৭ জনকে কুপিয়ে ও পিটিয়ে আহত করে।

আহতদের মধ্যে মকলেছুর রহমান ওরফে পাইলটের অবস্থায় আংশকাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউতে রাখা হয়। সোমবার দুপুরে তিনি মৃত্যু বরণ করেছেন বলে জানা গেছে। মৃত ব্যক্তি বর্তমান চেয়ারম্যান একনিষ্ট কর্মী ছিলেন বলে তিনি দাবী করেন।

তিনি আরো জানান, বৃহস্পতিবারের অতর্কিত হামলার ঘটনায় ৩০ জনকে আসামী করে শৈলকুপা থানায় মামলা দায়ের করা হয়েছিলো।

শৈলকুপা থানার অফিসার ইনচার্জ (ওসি) জাহাঙ্গীর আলম জানায়, আহত ব্যক্তি চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেছে বলে তিনি খবর পেয়েছেন। লুটপাট ও পরিস্থিতি স্বাভাবিক রাখতে বৃত্তিপাড়া এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

কালীগঞ্জে আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

করোনার মধ্যে দূর্বৃত্তদের দ্বারা কৃষকের ফসলের ক্ষতি এবং শহরের মধ্যে যানজটসহ নানা প্রকার ঘটনা বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করা হয়েছ।

গতকাল সোমবার সকালে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা আইন শৃঙ্খলা

ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি এম এ আনসারী’র ৯ম মৃত্যুবার্ষিকী

ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি এম এ আনসারী’র গতকাল ৯ম মৃত্যুবার্ষিকী। তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে গত ২০১১ সালের ১২ই অক্টোবর মারা যান।

সংবাদ সংগ্রহকালে তিনি দুপুর ২টার দিকে মহেশপুর সীমান্তের মাটিলা বাজারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তাকে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে নেওয়া হলে বেলা আড়াইটার দিকে তার মৃত্যু হয়।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৬১ বছর। ঝিনাইদহ শহরের কাঞ্চননগর পাড়ার এইচ এস এস সড়কে তার বাড়ি। তিনি স্ত্রী ও দুই ছেলে রেখে গেছেন।

আইন পেশার পাশাপাশি এম এ আনসারী ৭০ দশক থেকে সাংবাদিকতায় যুক্ত। তিনি অল্প সময়ের জন্য কলেজে অধ্যাপনাও করেছেন। তিনি ঝিনাইদহ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার প্রতিষ্ঠাতা।

আনসারী একাধিকবার ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি ইংরেজী দৈনিক দি ইনডিপেনডেন্ট পত্রিকার ঝিনাইদহ প্রতিনিধি ছিলেন তাছাড়া তৎকালীন ঝিনাইদহ থেকে প্রকাশিত দৈনিক নবগঙ্গা’র সম্পাদক ছিলেন ।

ঝিনাইদহ প্রেসক্লাবের পক্ষথেকে তাঁর রুহের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করেণ, এছাড়া তিনি যেন বেহেশত নসীব হন এ দোয়ার প্রার্থনা করেন তার পরিবার থেকে।

হরিণাকুণ্ডুতে আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা আইনশৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা গতকাল সোমবার উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যদেন উপজেলা পরিষদের চেয়ারমান মোঃ জাহাঙ্গীর হোসাইন।

এসময় অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু থানার পরিদর্শক (ওসি) মোঃ আব্দুর রহিম মোল্লা, ভাইস চেয়ারমান শহিদুল ইসলাম শিলু, মহিলা ভাইস চেয়ারমান রেশমা খাতুন, ইউপি চেয়ারমান গোলাম মোস্তফা, ফজলুর রহমান, মঞ্জুরুল ইসলাম, নাজমুল হুদা পলাশ, প্রেসক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কাউন্সিলর ফারুক হোসেন, ঈমাম সমিতির সভাপতি মঈনুদ্দিন আহম্মেদ, পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক বিশ্বনাথ সাধুখাঁ প্রমূখ।

ঝিনাইদহ প্রেসক্লাবকে বাংলাদেশ প্রেস কাউন্সিলের বই প্রদান

মুজিববর্ষ উপলক্ষে বাংলাদেশ প্রেস কাউন্সিল কর্তৃক ঝিনাইদহ প্রেসক্লাবকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই প্রদান করেন। গতকাল সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের হল রুমে জুম ইন মিটিং এর মাধ্যমে আলোচনা সভা ও বই বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জুম ইন এ বক্তব্য রাখেন বাংলদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান অবসর বিচারপতি মমতাজ উদ্দীন আহম্মেদ, প্রেসক্লাবে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেস কাউন্সিলের সচিব শাহা আলম, আরও বক্তব্য রাখেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ

হাসান টিপু, সহ সম্পাদক কে এম সালেহ, সিনিয়র সাংবাদিক দেলয়ার কবিরসহ প্রেসক্লাবের নেতৃবৃন্দ।

আলোচনা শেষে বাংলাদেশ প্রেসকাউন্সিলের সবিচ শাহা আলম ঝিনাইদহ প্রেসক্লাবকে বঙ্গবন্ধু শেখ মুজিব এবং মুক্তিযোদ্ধ ভিত্তিক প্রায় অর্ধশতাধিক বই উপহার দেন।

ঝিনাইদহে পানির পাইপে পড়ে মাদ্রাসা ছাত্রের মৃত্যু

ঝিনাইদহ সদরের হরিশংকরপুর গ্রামে খালের পানি নিষ্কাশন পাইপে পড়ে মোহাম্মদ আলী (১২) নামের এক মাদ্রসা ছাত্রের মৃত্যু হয়েছে। গতকাল সোমবার দুপুরে এ ঘটনা ঘটে।

মোহাম্মদ আলী ওই গ্রামের রফিকুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানায়, দুপুরে মোহাম্মদ আলী খালের পানিতে গোসল করতে নামে। একপর্যায়ে তীব্র স্রোতে নিষ্কাশন পাইপের মধ্যে আটকা পড়ে। খবর পেয়ে স্থানীয়দের সহযোগিতায় ফায়ার সার্ভিসের কর্মীরা পাইপ কেটে তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে। কিশোর মোহাম্মদ আলী স্থানীয় একটি মাদ্রাসার হেফজ বিভাগের ছাত্র ছিল।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

কালীগঞ্জে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে তালবীজ বপন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার সুন্দরপুর-দূর্গাপুর ইউনিয়ন পরিষদ কর্তৃক বিভিন্ন রাস্তার পাশে তালের বীজ বপন করা হয়।

গতকাল রবিবার তালের বীজ বপনকালে উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রাণী সাহা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার আব্দুল্লাহ-হেল আল মাসুম, ইউপি চেয়ারম্যান মোঃ ইলিয়াছ রহমান মিঠুসহ সকল ইউপ সদস্য ও অন্যান্য জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।